অচিরেই অনেক ভূখণ্ড তোমাদের জন্য বিজিত হবে। আর শত্রুদের মোকাবেলায় আল্লাহই তোমাদের জন্যে যথেষ্ট হবেন। তোমাদের কোনো ব্যক্তি যেন তীর নিক্ষেপের খেলার অভ্যাস ত্যাগ না করে।

‘উকবা ইবন ‘আমের রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, “অচিরেই অনেক ভূখণ্ড তোমাদের
পদানত হবে। আর শত্রুদের মোকাবেলায় আল্লাহই তোমাদের জন্যে যথেষ্ট হবেন। তোমাদের
কেউ যেন তীর নিক্ষেপের খেলার অভ্যাস ত্যাগ না করে।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে তাঁর সাহাবীগণকে সংবাদ দিয়েছেন যে, অচিরেই তারা যুদ্ধ ব্যতীত অনেক দেশ জয় করবে। তাই বলে তাদের তীর নিক্ষেপ শিক্ষা করা ছেড়ে দেওয়া উচিত নয়। কেননা তীর নিক্ষেপ খেলা মুসলিমদের জন্য একটি উত্তম বিনোদন যদি না তা দ্বারা কোনো ওয়াজিব হক নষ্ট না করা হয়। কেননা তীর নিক্ষেপ আল্লাহর পথে জিহাদের জন্য সহায়ক। সুতরাং তীর নিক্ষেপ শিক্ষায় রয়েছে একটি সর্বোত্তম লক্ষ্য ও সুমহান উদ্দেশ্য। হাদীসে তীর নিক্ষেপকে খেলা বলার কারণ হলো, মানুষের মন তীর নিক্ষেপ খেলার প্রতি আকৃষ্ট। তাই একে খেলা হিসেবে উল্লেখ করা হয়েছে। নতুবা তীর নিক্ষেপ শিক্ষা করার মূল উদ্দেশ্য হলো আল্লাহর পথে জিহাদের প্রস্তুতি গ্রহণ করা; তা দ্বারা শুধু খেলাধুলা করা উদ্দেশ্যে নয়।

http://sunnah.global/hadeeth/bn/show/3720